দৈনিক
ইত্তেফাক

তারিখ 14 JAN
পৃষ্ঠা ১১ কলাম ৭

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়

# শিক্ষাসফর

● ইমরুল কায়েস

বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাস জীবন। ক্লাস, পরীক্ষা, অ্যাসাইনমেন্ট, প্রেজেন্টেশন ও সেমিনার উপস্থাপনার এক ব্যস্ততম মুহূর্ত। এগুলোর ফাঁকে আবার ক্যাম্পাস সাংবাদিকতার সাথে জড়িত থাকার কারণে নিউজ লিখা আবার তা পত্রিকা অফিসে পাঠানো। এভাবেই কেটে যায় দিন। স্মৃতি হিসেবে থেকে যায় বন্ধুদের সাথে কাটানো মধুর মুহূর্তগুলো যা কখনো ভুলবার নয়। অনুষদীয় ভ্রমণগুলো বিশেষভাবে উল্লেখ্য। তেমনি গত ২৪ ডিসেম্বরের এক ভ্রমণের মাধ্যমে শেষ হয়ে গেল বিশ্ববিদ্যালয় জীবনের শেষ শিক্ষা সফর। দিনটি ছিল বুধবার, সকালের কুয়াশা আর ঠান্ডাকে তোয়াক্কা না করে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের কৃষি প্রকৌশল ও কারিগরি অনুষদের কৃষি শক্তি ও যন্ত্র বিভাগের আমরা ২১ জন শিক্ষার্থী ২টি মাইক্রোবাসে চড়ে রওয়ানা দিলাম শেরপুরের দিকে। সঙ্গে দুই শিক্ষক অধ্যাপক ড. মুহাম্মদ আশরাফুল হক ও সহযোগী অধ্যাপক ড. এহছানুল কবীর। উদ্দেশ্য এমিরান্ড অয়েল ইন্ডাস্ট্রিজ লি. কর্তৃক প্রস্তুতকৃত স্পন্দন রাইস ব্রান ওয়েলের প্রস্তুতপ্রণালী সরাসরি পর্যবেক্ষণ করা। গল্প, গান, হৈহল্লা - সবই হলো যাওয়া-আসার পথে। এসব ক্ষেত্রে আমাদের যে বন্ধুর কথা না বললেই নয় সে হচ্ছে শাহীন, আমাদের ক্লাস প্রতিনিধি। সব আনন্দের কেন্দ্রে যার অবস্থান। দীর্ঘ এই পথ চলায় গান, গল্প আর হৈহল্লায় মাতিয়ে রেখেছে সে সবাইকে। প্রায় দুই ঘন্টার যাত্রা শেষে আমরা পৌঁছলাম শেরপুরের শেরীপাড়ায় যেখানে এমিরান্ড অয়েল ইন্ডাস্ট্রিজ লি. অবস্থিত। কিছুক্ষণ বিশ্রামের পর আমরা রাইস ব্রান অয়েলের প্রস্তুতপ্রণালী ঘুরে ঘুরে দেখলাম।